

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।  
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।  
তারিখ : ২৬.০৯.২০১৯  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : বিএমডির সভা কক্ষ।  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


## ২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন ছাড়া বিকল্প কোনো উপায় নেই। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, বিএমডির ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের কর্তৃলিষ্ট সার্চ চালুকরণ অন্যতম। সে লক্ষ্যে উক্ত সেবা প্রদানের জন্য অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠানের নিকট দরখাস্ত আহ্বান করে বিএমডির ওয়েবসাইট ও বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট এবং জিএসবির নোটিস বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে একটি মাত্র প্রতিষ্ঠান ছিদ্দিক এন্টারপ্রাইজ উক্ত সেবা প্রদানের জন্য আগ্রহ প্রকাশ করে দরখাস্ত করেন। উক্ত প্রতিষ্ঠানটি সম্পর্কে খোঁজ নিয়ে জানা যায় হাইকোর্ট বিভাগের মামলার তালিকা উন্নত প্রযুক্তির সাহায্যে সার্চলিষ্ট প্রস্তুত করে খাদ্য অধিদপ্তর, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ব্যাংক, জনতা ব্যাংক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, পুলিশ হেডকোয়ার্টারস, জনপ্রশাসন মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থার জন্য পৃথক পৃথক রিপোর্ট (সার্চলিষ্ট) তৈরি করে আসছে। উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে সেবা গ্রহণকারী বিভিন্ন দপ্তরে যোগাযোগ করে জানা যায় প্রতিষ্ঠানটির সেবার মান সন্তোষজনক। সভায় বিস্তারিত আলোচনান্তে ছিদ্দিক এন্টারপ্রাইজকে বিএমডির মামলাসমূহের সার্চ লিষ্ট সেবা গ্রহণের নিমিত্ত কার্যাদেশ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৩.০ সিদ্ধান্ত :

- (১) মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিষ্ট চালুকরণ ও অনলাইনের মাধ্যমে নিয়মিত মনিটরিং সেবা প্রদানের জন্য ছিদ্দিক এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৬.০৯.১৯  
মোঃ মামুনুর রশীদ  
সভাপতি, ইনোভেশন কমিটি  
ও  
উপপরিচালক  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২. ৬০৫

তারিখ: ১১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;
- ৩। সংশ্লিষ্ট নথি।

  
১৬.০৯.১৯

মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক